

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.২০২.১৯.০০১.১৫-৩৮১

তারিখ: ১২ আগস্ট ২০১৫ খ্রি.

বিষয়: Mid-Career Training Programme in Field Administration for Civil Servants of Bangladesh শীর্ষক প্রশিক্ষণের ২০ ও ২১ তম ব্যাচের জন্য কর্মকর্তা মনোনয়ন।


উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Mid-Career Training Programme in Field Administration for Civil Servants of Bangladesh এর ২০ ও ২১তম ব্যাচের প্রশিক্ষণ যথাক্রমে আগামী ০৭ সেপ্টেম্বর হতে ১৯ সেপ্টেম্বর ২০১৫ এবং ২৮ সেপ্টেম্বর হতে ১০ অক্টোবর ২০১৫ মেয়াদে NCGG, India তে অনুষ্ঠিত হবে।

২। উক্ত ২টি ব্যাচের প্রশিক্ষণে নিম্নবর্ণিত বিভাজন মোতাবেক সুনির্দিষ্ট কর্মকর্তাগণের মনোনয়ন প্রস্তাব আগামী ২০/০৮/২০১৫ তারিখের মধ্যে সংযুক্ত ছকে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

বিভাগের নাম	কর্মকর্তার পদবী	সংখ্যা
ঢাকা	উপপরিচালক, স্থানীয় সরকার/জেলা পরিষদের	১২
চট্টগ্রাম	সচিব/পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা/	১১
রাজশাহী	অতিরিক্ত জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার	৫
খুলনা		৫
বরিশাল		৪
সিলেট		৩
রংপুর		৪

- ৩। মনোনয়নের ক্ষেত্রে কর্মসম্পাদন ও জ্যেষ্ঠতা বিবেচনা করতে হবে এবং দুর্গম এলাকায় কর্মরত কর্মকর্তাগণকে অগ্রাধিকার দিতে হবে।
- ৪। মনোনীত কর্মকর্তাবৃন্দের বয়স ৪৫ বছরের মধ্যে এবং কমপক্ষে ৬ মাস মেয়াদ (জুন ২০১৬ পর্যন্ত) সম্পন্ন অফিসিয়াল পাসপোর্ট থাকতে হবে।
- ৫। ইতঃপূর্বে যে কোন পর্যায়ে যারা এ কোর্সে অংশগ্রহণ করেছেন বা যারা ITEC বা ভারত সরকারের অর্থায়নে কোন কোর্স করেছেন তাদের ব্যতিত কর্মকর্তা মনোনয়ন দেয়া যাবে।
- ৬। অনাগ্রহী কর্মকর্তা বা পদ হতে প্রত্যাহারের আদেশপ্রাপ্ত কর্মকর্তাদের মনোনয়ন দেয়া যাবে না।
- ৭। মনোনীত কর্মকর্তাবৃন্দের যথাযথভাবে পূরণকৃত ৩ সেট রেজিস্ট্রেশন ফরম আগামী ২০/০৮/২০১৫ তারিখের মধ্যে সরাসরি জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ অধিশাখায় (ভবন নং-১, কক্ষ নং-১১৪) অবশ্যই পৌঁছাতে হবে। এ বিষয়ে মনোনীত কর্মকর্তাবৃন্দকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।
- ৮। প্রতি সেট রেজিস্ট্রেশন ফরমের সাথে সম্প্রতি তোলা ১ কপি পাসপোর্ট সাইজের ছবি, ১ কপি জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ১ কপি অফিসিয়াল পার্সপোর্টের ফটোকপি এবং ১ কপি সর্বশেষ অর্জিত শিক্ষাগত সনদের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ৯। রেজিস্ট্রেশন ফরম ও ফরম পূরণের গাইড লাইন জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে (Training → Foreign Training) ডাউনলোড করা যাবে। উক্ত ফরমের ৬নং কলাম ব্যতিত সকল কলাম অবশ্যই কম্পিউটারে কম্পোজকৃত হতে হবে।
- ১০। মনোনীত কর্মকর্তাবৃন্দের রেজিস্ট্রেশন ফরম প্রাপ্তির পর মন্ত্রণালয় থেকে মনোনয়ন চূড়ান্ত করা হবে।

সংযুক্ত: নির্ধারিত ছক ১ ফর্দ।


(ড. আবদুল হামিদ)
উপ সচিব
ফোনঃ ৯৫৭৪৪২৬

কমিশনার

ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/ রংপুর/ খুলনা/ সিলেট/ বরিশাল বিভাগ।

অনুলিপি:

- ১। জেলা প্রশাসক,.....(সকল)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৪। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৬। অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (সিপিটি/এপিডি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৭। যুগ্মসচিব (প্রশিক্ষণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।

ছক

ভারতে অনুষ্ঠেয় Mid-Career Training for Field Administration of Bangladesh Civil Servants শীর্ষক প্রশিক্ষণের ২০তম ব্যাচে -----বিভাগ হতে মনোনীত কর্মকর্তার তালিকা

ক্রমিক নং	মনোনীত কর্মকর্তার নাম (বাংলা ও ইংরেজীতে) ও পরিচিতি নং	পদবী, বর্তমান কর্মস্থল ও ব্যাচ নং	জন্ম তারিখ ও বয়স (১ অক্টোবর ২০১৫)	মোবাইল নম্বর	ই-মেইল এড্রেস	অফিসিয়াল পাসপোর্ট নম্বর, ইস্যু ও মেয়াদ উত্তীর্ণের তারিখ
১	২	৩	৪	৫	৬	৭

বি. দ্র. অফিসিয়াল পাসপোর্ট না থাকলে কিংবা পাসপোর্টের মেয়াদ না থাকলে তাঁদেরকে মনোনয়ন দেয়ার প্রয়োজন নেই।

ছক

ভারতে অনুষ্ঠেয় Mid-Career Training for Field Administration of Bangladesh Civil Servants শীর্ষক প্রশিক্ষণের ২১তম ব্যাচে -----বিভাগ হতে মনোনীত কর্মকর্তার তালিকা

ক্রমিক নং	মনোনীত কর্মকর্তার নাম (বাংলা ও ইংরেজীতে) ও পরিচিতি নং	পদবী, বর্তমান কর্মস্থল ও ব্যাচ নং	জন্ম তারিখ ও বয়স (১ অক্টোবর ২০১৫)	মোবাইল নম্বর	ই-মেইল এড্রেস	অফিসিয়াল পাসপোর্ট নম্বর, ইস্যু ও মেয়াদ উত্তীর্ণের তারিখ
১	২	৩	৪	৫	৬	৭

বি. দ্র. অফিসিয়াল পাসপোর্ট না থাকলে কিংবা পাসপোর্টের মেয়াদ না থাকলে তাঁদেরকে মনোনয়ন দেয়ার প্রয়োজন নেই।

